**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 10 Jan. 26** **TIME: 7:35 AM**

---

রাজ্য সরকারের নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা এ ডি আর এ উত্তীর্ণ হওয়া ৬ হাজার ৩শো ৪৭ জন তৃতীয় শ্রেণীর প্রার্থীকে আজ সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে নিযুক্তিপত্র প্রদান করা হবে । এদিকে গতকাল এ ডি আর এ উত্তীর্ণ হওয়া ৪ হাজার ৩শো ৭৪ জন চতুর্থ শ্রেণীর প্রার্থীকে গৌহাটি খানাপাড়ার নবনির্মীত জ্যোতি-বিষ্ণু আর্ন্তাজাতিক কলা মন্দিরে নিযুক্তি পত্র বিতরণ করা হয় ।

একইভাবে আগামী ১২ জানুয়ারী গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে এ ডি আর-এ উত্তীর্ণ হওয়া ২শো ৯২ জন চা-জনগোষ্ঠী প্রার্থীদের মধ্যেও নিযুক্তিপত্র বিতরণ করা হবে । এই নিযুক্তি সম্পন্ন হলে নতুন করে নিযুক্তি লাভ করা প্রার্থীর সংখ্যা ১ লক্ষ ৪৫ হাজার ৬শো ৬৪ থেকে ১ লক্ষ ৫৬ হাজার ৬শো ৭৭ এ বৃদ্ধি পাবে । গতকাল এই নিযুক্তিপত্র বিতরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা **বলেন ----বাইট**

পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং গতকাল উলুবারীর আসাম পুলিশ ইনষ্টিটিউট এ আয়োজিত এক অনুষ্ঠানে পুলিশের বিভিন্ন পর্যায়ের আধিকারিকদের ২০২৫ সালের শিশু মিত্র পুরষ্কার প্রদান করেন । শিশুকে ন্যায় প্রদান , শিশুর অধিকার সহ বিভিন্ন দিকে অনুপ্রেরণা যোগনা পুলিশ আধিকারিকদের এই পুরষ্কার প্রদান করা হয় । পুরষ্কার প্রদান করে পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং বলেন যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা শিশুর বিরুদ্ধে সংগঠিত অপরাধ রোধের জন্য এক সুস্পষ্ট দৃষ্টিভংগী গ্রহণ করেছেন ।এই দৃষ্টিভংগীকে বাস্তবায়িত করার লক্ষে আসাম পুলিশ শিশুর সংগে জড়িত মামলাগুলি শীঘ্র নিষ্পত্তি করতে প্রচেষ্টা করে আসছে ।

---

আই আই টি গৌহাটিতে গতকাল থেকে তিনদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে প্যান আই আই টি সম্মিলন শুরু হয়েছে । দেশের ২৩টি আই আই টির ছাত্র-ছাত্রীদের মঞ্চ হিসেবে খ্যাত এই সম্মিলনে দেশের ২৩টি আই আই টির ছাত্র-ছাত্রীদের শিক্ষা সম্পর্কীত বিভিন্ন সমস্যা এবং এর সমাধান সম্পর্কে আলোচনা করা হবে । এই সম্মিলনে দেশের আই আই টি গুলির ছাত্র-ছাত্রীদের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হবে । এই উপলক্ষে আজ গৌহাটি আই

আই টি সভাগৃহে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে আই আই টির ছাত্র কল্যাণ পরিষদের সভাপতি কৃষ্ণা ভামসি , আই আই টি গৌহাটি শিক্ষার্থী কল্যান পরিষদের অধ্যক্ষ বিদিশা সোম এবং সাধারণ সম্পাদক হেমন্ত কুমার উপস্থিত ছিলেন ।

---

গৌহাটী বিশ্ববিদ্যালয়ে গতকাল শিক্ষা মন্ত্রী ডা:রণোজ পেগুর উপস্থিতিতে জাতীয় শিক্ষানীতি২০২০র পরিকাঠামোর অধীনে ৫ বছরের সংহত স্নাতকোত্তর এবং ৪ বছরের স্নাতক পাঠ্যক্রমের বিভিন্ন গুরুত্বপূর্ন দিক নিয়ে আলোচনা করার উদ্দেশ্যে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুসঠিত হয়েছে । বৈঠকে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থেকে ডা; রণোজ পেগু বলেন যে জাতীয় শিক্ষানীতি ২০২০ কেবল একটি নীতি নয় , এই নীতি ভারতীয় শিক্ষা ব্যাবস্থার এক ঐতিহাসিক পদক্ষেপ । এই নীতি শিক্ষাকে অধিক ছাত্রকেন্দ্রিক ,বহুমুখী , নমনীয় এবং দক্ষতাভিত্তিক করে তোলার জন্য সুস্পস্ট দিশা প্রদান করেছে বলেও তিনি মন্তব্য করেন । ৫ বছরের সংহত স্নাতকোত্তর এবং ৪ বছরের স্নাতক পাঠ্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা গবেষণা , উদ্ভাবন ও উচ্চ দক্ষতা অর্জনের সুযোগ লাভ করবে বলে মন্ত্রী উল্লেখ করেন ।

---

যোরহাটের আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ে আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীতে কৃষক মেলা ২০২৬ আরম্ভ হয়েছে ।আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের আই সি আর ফার্মে অনুষ্ঠিত এই কৃষক মেলা সম্প্রসারণ শিক্ষা সঞ্চালক ড.মনোরঞ্জন নেওগ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন । এই কৃষক মেলায় কৃষি প্রদর্শনী , কৃষি বিষয়ক প্রদর্শন , কৃষক - বিজ্ঞানীর মত বিনিময় অনুষ্ঠান , কৃষি উদ্যোগীর সমারোহ , বীজ উৎপাদকের সমারোহ ইত্যাদি অনুষ্ঠিত হবে । এই মেলায় আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের কৃষি বিজ্ঞান কেন্দ্র , আন্চলিক তথা মান্ডলিক কৃষি গবেষনা কেন্দ্র , বেশ কয়েকটি জাতীয় ও আর্ন্তজাতিক প্রতিষ্ঠান ও কৃষক সহ আত্ম-সহায়ক গোষ্ঠীর সদস্যরা অংশগ্রহণ করছেন ।

---

কাছাড় জেলা চেস এসোসিয়েশন ও শিলচরের বেসরকারী সংস্থা উদ্যোগের যৌথ ব্যাবস্থাপনায় আগামীকাল ও পরশু শিলচর সার্কিট হাউস রোডের একটি ভবনে দুদিনব্যাপী কৃষ্ণ প্রসাদ রাই স্মৃতি চেস প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । ছেলে ও মেয়েদের অনূর্ধ্ব ৭ , ৯ ,১১ ,১৩ ও ১৫ ক্যাটাগরি এবং ওপেন ক্যাটাগরিতে এই প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । চ্যাম্পিয়নশিপে বিজয়ীদের পুরস্কারস্বরূপ নগদ অর্থ প্রদান করা হবে । এছাড়াও ষাটোর্ধ্ব খেলোয়াড়দের বিশেষ পুরস্কার প্রদান করা হবে । আজ রেজিস্ট্রেশনের শেষ দিনে ১০০ রও বেশী প্রতিযোগী নাম নথিভুক্ত করেছেন । আগামীকাল সকাল সাড়ে ৯

টার মধ্যে নির্দিষ্ট স্থানে এই প্রতিযোগীদের উপস্থিত থাকতে বলা হয়েছে ।